


কৃষি সমৃদ্ধি


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
সরেজমিন উইং
খামারবাড়ি, ঢাকা-১২১৫
(www.dae.gov.bd)

স্মারকলিপি

কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মাঠ পর্যায়ে চলতি “আশ্বিন মাসে কৃষকভাইদের করণীয়” বিষয়ে একটি লিফলেট এতদসঙ্গে সংযুক্ত করে প্রেরণ করা হলো। এ লিফলেটটি মুদ্রন করে আপনার অঞ্চল / জেলার কৃষকভাইদের মাঝে ব্যাপক ভাবে প্রচার করার জন্য নির্দেশ প্রদান করা হলো এবং এ বিষয়ে অগ্রগতির প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারীর বরাবরে প্রেরণ করার জন্য বলা হলো।

সংযুক্ত ১ আশ্বিন মাসে কৃষকভাইদের করণীয় - ১ (এক) পৃষ্ঠা।


(চেতন্য কুমার দাস)
পরিচালক
সরেজমিন উইং
ফোনঃ ৮১২৩১৪৭।


২০/৯/২০১৩

স্মারক নং : ১২.১০.০০০০.০০৩.১৬.০৫২.১৩/ ৮১২৩ (৫০) তারিখঃ ২০/৯/২০১৩

অনুলিপিঃ জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

- ১। পরিচালক, প্রশাসন ও অর্থ/হটিকালচার/প্রশিক্ষণ/উদ্ভিদ সংরক্ষণ/উদ্ভিদ সংগনিরোধ/ক্রপস/পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং, ডিএই, খামারবাড়ি, ঢাকা।
- ২। পরিচালক, কৃষি তথ্য সার্ভিস, ডিএই, খামারবাড়ি, ঢাকা। প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ৩। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ----- অঞ্চল (১৪টি)।
- ৪। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ----- জেলা (সকল)।

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
- ৩। অতিরিক্ত সচিব (সম্প্রসারণ) মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
- ৪। মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী, ডিএই, খামারবাড়ি, ঢাকা-১২১৫।

আশ্বিন মাসে কৃষকভাইদের করণীয়

১. বন্যা বা অতিবৃষ্টি জনিত কারণে আমন ধান রোপন না করতে পারলে, পানি কমার সাথে সাথে স্থানীয় জাত (নাইজারশাইল বা লতিশাইল) সমূহের আমন চারা রোপন করা যেতে পারে।
২. বন্যায় ক্ষতিগ্রস্ত জমিতে আমনের পার্শ্ব-কুশি দিয়ে আমন রোপণ করুন;
৩. নাবী আমন রোপনে চারা: সংখ্যা (গোছায় ৫-৬ টি) বাড়িয়ে রোপন করুন
৪. আগাম রোপা আমন জমিতে শেষ বারের ইউরিয়া উপরি প্রয়োগ করুন;
৫. নাবী রোপনকৃত আমন ধানে ইউরিয়া উপরি প্রয়োগ করুন;
৬. বন্যার পানিতে ফসলের ক্ষয়ক্ষতি কাটিয়ে উঠার জন্য আগাম রবি ফসল চাষের প্রস্তুতি নিতে হবে। যেমনঃ যেসব জমিতে উফশী বোরো ধানের চাষ করা হয়, সেসব জমিতে স্বল্প মেয়াদি বারি ৯, বারি ১৪ ও বারি ১৫ জাতের সরিষা চাষের প্রস্তুতি নিতে হবে। ভুট্টার বীজ, লালশাক, পালংশাক ও ডাটাশাক প্রভৃতি বিনা চাষে বপনের জন্য বীজ সংগ্রহ করতে হবে;
৭. আমন ধানের জমিতে মাজরা পোকা, বাদামী গাছ ফড়িং ও খোল পোড়া (Sheath blight) ও কাণ্ডপচা রোগের আক্রমণ নিয়মিত পর্যবেক্ষণ করুন এবং প্রতিকারের ব্যবস্থা নিন।
৮. আমন ধানে মাজরা পোকা দমনে নিয়মিত আলোর ফাঁদ ব্যবহার করুন; বাদামী গাছ ফড়িং পোকার উপস্থিতি এখন থেকে নিয়মিত পর্যবেক্ষণ করুন;
৯. বন্যার পানি সম্পূর্ণভাবে নেমে যাওয়ার পর বিনা চাষে মালচিং করে রোপণের জন্য আলু বীজ (ডায়মন্ট, কার্ডিন্যাল) সংগ্রহ করুন ;
১০. এ সময় বীজের জন্য তোষা পাটের বীজ বুনতে হবে।
১১. উঁচু স্থানে, পলি ব্যাগ / বীজতলা পদ্ধতিতে আখের চারা উৎপাদন করুন;
১২. বিনা চাষে মাসকলাই, মুগ, তিল, তিষি ইত্যাদি বপন করুন ও পানি কচু রোপন করুন;
১৩. মাদায় মিষ্টিকুমড়া ও লাউয়ের বীজ বপন করুন;
১৪. লাউ, শিমের রোপণ ও পরিচর্যা নিশ্চিত করুন। পচা কচুরীপানার স্থূপে বীজ বপন করে পরবর্তীতে মূল মাদায় স্থানান্তর করা যায়;
১৫. বেগুন, সীম, লাউ, গীমা কলমি, মরিচ চাষ করুন;
১৬. আগাম শীতকালীন (লাউ, শিম, ফুলকপি, বাধাকপি, বেগুন, টমেটো) সবজি চাষ করুন;
১৭. ভুট্টা বীজ বপন করুন; চীনাবাদামের বীজ বপন করুন;
১৮. শীতকালীন আগাম (লাউ, শিম, ফুলকপি, বাধাকপি, বেগুন, টমেটো) সবজি বেডের পরিচর্যা করুন;
১৯. রবি মৌসুমে ব্যবহারের জন্য সংরক্ষিত বীজ ভালভাবে পর্যবেক্ষণ করুন এবং প্রয়োজনে একটি রোদ দিয়ে বীজ ঠান্ডা করে সংরক্ষণ করুন;
২০. এলাকার চাহিদা অনুযায়ী রবি ফসলের বীজ বিএডিসির বিক্রয়কেন্দ্র / ডিলারের নিকট হতে সংগ্রহ করুন।
২১. আম, আপেল কুল, বাউ কুলসহ বিভিন্ন ফলের চারা রোপণ করুন এবং ফল গাছে রিং পদ্ধতিতে সার প্রয়োগ করুন;
২২. রাস্তার পার্শ্বে দলীয়ভাবে তালের চারা রোপণ করুন;

